



বাংলাদেশ কৃষিব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়

চাঁদপুর।

বিষয় : জুলাই-সেপ্টেম্বর/২০২৩ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্য বিবরণী।

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর এর নৈতিকতা কমিটির সভা তারিখ : ২৭.০৯.২০২৩ ইং রোজ : শনিবার বিকাল : ৩.০০ ঘটিকায় অত্র কার্যালয়ের আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, জনাব আবদুল আজিজ (সমব্য) এর সভাপতিত্বে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর এ অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

১। জনাব আবদুল আজিজ, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, (সমব্য), আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর।	সভাপতি
২। জনাব মানিক লাল সাহা, উর্ধ্বতন কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর।	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
৩। জনাব মোঃ রুবেল মিয়াজী, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর।	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট সদস্য।

০২। কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিত করতে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন। তিনি আরো মনে করেন দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ে সু-সমন্বয় প্রয়োজন। বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রনয়ণ ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ অতিব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর এর কর্মকর্তা/কর্মচারীদের সততা নৈতিকতা ও কর্তব্য নিষ্ঠার দ্বারা প্রতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :-

১. অত্র কার্যালয়ে সকল কর্মকর্তা/কর্মচারী কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা করার লক্ষ্যে প্রণীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করবেন পাশাপাশি অর্পিত কাজ সুচারুরূপে সম্পন্ন করবেন।
 ২. বাংলাদেশ ব্যাংক ও বিকেবি, প্রধান কার্যালয়ের নির্দেশনাসমূহ যথাযথ ভাবে পরিপালনের বিষয়ে অত্র কার্যালয়ের আওতাধীন শাখা সমূহকে পরামর্শ দিবেন এবং ক্যাশ সার্ভিস ও ব্যবস্থাপনা এবং নোটসটিং এ বিষয়েও শাখাসমূহকে পরামর্শ প্রদান করতে হবে।
 ৩. সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথভাবে সকলকে পরিপালনে সচেষ্ট হতে হবে। আর্থিক ব্যবস্থাপনা বা অন্য কোন বিষয়ে অনিয়ম দূরীকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
 ৪. সকল শাখাকে অভ্যন্তরীণ নিরীক্ষা/বাংলাদেশ ব্যাংক পরিদর্শন/বাণিজ্যিক নিরীক্ষায় উৎখাপিত আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে পরামর্শ প্রদান।
 ৫. সকলকে মানিলন্ডারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং এতদ্বিষয়ে সকল প্রতিবেদন ও সার্কুলার সমূহ যথাযথ ভাবে পরিপালন নিশ্চিত করতে সকলকে নিয়ে সভা করতে হবে।
 ৬. নিষ্পত্তিযোগ্য অনুচ্ছেদ সমূহ স্পটেই নিষ্পত্তি করবেন।
 ৭. আদায়যোগ্য এবং প্রদেয় খাতে অনিষ্পন্ন এন্ট্রি সমূহের বিষয়ে গুরুত্বারোপ করে ০২ মাসের মধ্যে সমন্বয় করার জন্য পরামর্শ প্রদান।
 ৮. গ্রাহক সেবার মান উন্নয়নে সর্বদা সচেষ্ট থাকতে হবে।
 ৯. খেলাপি ঋণ সংস্কৃতি হতে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপি ঋণ আদায়ে সচেষ্ট হতে হবে। সরকার ঘোষিত বিভিন্ন প্রনোদনা প্যাকেজ এর অধিনে বিতরণকৃত ঋণসমূহ শাখা কর্তৃক সঠিক খাতে বিতরণ হয়েছে কিনা বিষয়গুলো পর্যবেক্ষণ করতে হবে।
 ১০. বিকেবির আচরনবিধি বাস্তবায়নে সকলকে সদা সচেষ্ট থাকতে হবে।
 ১১. সাইবার ফ্রাইম ও অনলাইনভিত্তিক বিভিন্ন জাল-জালিয়াতি সম্পর্কে সকলকে সচেতন থাকতে হবে।
 ১২. দর্শনীয় স্থানে অভিযোগ বাস্তব অবিলম্বে স্থাপন করতে হবে এবং অভিযোগ সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।
 ১৩. শাখায় নাগরিক অডিট বোর্ড স্থাপনের পরামর্শ দিবেন।
 ১৪. শাখাকে কিভাবে লাভজনক পর্যায়ে উন্নীত করা যায় সে বিষয়ে পরামর্শ দিবেন।
 ১৫. বিকেবি, প্রধান কার্যালয়ের গবেষণা ও পরিসংখ্যান বিভাগের নির্দেশনা মোতাবেক শাখা কর্তৃক সকল ঋণের সিআইবি ডাটাবেইজ সম্পন্ন করার পরামর্শ দেয়া।
 ১৬. শাখাকে বন্ধকী দলিল সম্পাদনের তারিখ হতে ১৫ দিনের মধ্যে সাব-রেজিস্ট্রার অফিসে প্রেরণ করার নির্দেশনা প্রদান।
- সম্মিলিতভাবে শুদ্ধাচার চর্চার মাধ্যমে টিমস্পিরিটকে কাজে লাগিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর কে একটি আদর্শ কার্যালয় হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফোকাল পয়েন্ট সদস্যের স্বাক্ষর

ফোকাল পয়েন্ট কর্মকর্তার স্বাক্ষর

সভাপতির স্বাক্ষর

স্মারক নং- আনিকা/শুদ্ধাচার/প্রশা-৩৪/২০২৩-২০২৪/৪০(১)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
- ০২। বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর এর নিরীক্ষাধীন সকল শাখা।
- ০৩। নথি/মহানথি।

(আবদুল আজিজ)
সভাপতি

আবদুল আজিজ
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা (সমব্য)
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর।